# উপজেলা সমবায় অফিসারের কার্যালয়

ঝালকাঠি সদর, ঝালকাঠি।

## সিটিজেন চার্টার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমবায় অধিদপ্তর কর্তৃক উপজেলা পর্যায়ে জনগণের জন্য প্রদত্ত সেবা সমূহ (CITIZEN CHARTER) ।

| ক্রঃ নং | কাজের প্রকৃতি | সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|
| ১। | **সমবায়ঃ** | (১) সমবায় একটি নিবন্ধনকৃত এবং গণতান্ত্রিক শৃঙ্খলায় পরিচালিত অর্থনৈতিক সংগঠন যার সামাজিক সম্পৃক্তি রয়েছে এবং সর্বসস্তরের জনগণের মধ্যে বিদ্যমান। প্রত্যেক সমবায় সমিতি একটি সংবিধিবদ্ধ সংস্থা, যার স্থায়ী ধারাবাহিকতা আছে।<br>(২) নিবন্ধন বা অনুমোদন ব্যতীত কোন সংগঠন বা সমিতি বা সংঘের নামে সমবায় বা কো-অপারেটিভ শব্দ ব্যবহার করিলে দায়ী ব্যক্তি অনধিক ১(এক) বৎসর কারাদন্ড বা অনধিক পাঁচ হাজার টাকা অর্থ দন্ডে বা উভয় দন্ডে দন্ডিত হবেন। |
| ২। | **সমবায় সমিতি নিবন্ধনঃ** | (১) একটি প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধনের ক্ষেত্রে নূন্যতম ২০(বিশ) জন ব্যক্তি সদস্যের প্রয়োজন।<br>(২) কেন্দ্রীয় সমবায় সমিতি অর্থাৎ একইরুপ উদ্দেশ্য সম্বলিত নূন্যতম ১০(দশ) টি প্রাথমিক সমবায় সমিতি নিয়ে গঠিত।<br>(৩) জাতীয় সমবায় সমিতি একইরূপ উদ্দেশ্য সম্বলিত ১০(দশ) টি কেন্দ্রীয় সমবায় সমিতি নিয়ে গঠিত হবে।<br>(৪) সমবায় সমিতি নিবন্ধনের জন্য নির্ধারিত ফরমে, নির্ধারিত পদ্ধতিতে, নির্ধারিত ফি, সমিতির প্রসস্থাবিত উপ-আইন এর তিনটি কপি এবং নির্ধারিত অন্যান্য কাগজপত্র সহ সংশ্লিষ্ট নিবন্ধকের নিকট আবেদন পত্র দাখিল করতে হবে। এ ছাড়া বিশেষ কিছু ক্ষেত্রে উপজেলা সমবায় কর্মকর্তা নিজেও সমকারী কর্মসূচীর আওতায় বিত্তহীন, ভূমিহীন ও আশ্রয়হীনদের দারিদ্র বিমোচনের লক্ষ্যে গঠিত প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধন করতে পারবেন।<br>(৫) সংশ্লিষ্ট নিবন্ধক ৬০ দিনের মধ্যে নিবন্ধন কার্য সমাপ্ত করবেন অথবা ৩০ দিনের মধ্যে প্রয়োজনীয় তথ্য দাখিলের পরামর্শ দিতে পারেন। প্রয়োজনে তদমন্ত দিতে পারেন।<br>(৬) সমকারী কর্মসূচীর আওতায় বিত্তহীন, ভূমিহীন ও আশ্রয়হীনদের দারিদ্র বিমোচনের লক্ষ্যে গঠিত প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধনের জন্য ৫০/=(পঞ্চায়) টাকা এবং অন্যান্য প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধনের জন্য ৩০০/=(তিনশত) টাকা এবং কেন্দ্রীয় সমবায় সমিতি নিবন্ধনের জন্য ১,০০০/= (এক হাজার) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে কোড নং- ১-৩৮৩১-০০০০-১৮৩৬ এ জমা দিতে হবে।<br>(৭) দারিদ্র বিমোচনের লক্ষ্যে স্বেচ্ছায় বা সরকারী কর্মসূচীর আওতায় গঠিত প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধনের ক্ষেত্রে ৩,০০০/= টাকা, অন্যান্য সমবায় সমিতি ২০,০০০/= এবং ক্রেডিট কো-অপারেটিভ সোসাইটি এর ক্ষেত্রে ১,০০,০০,০০০/=(এক কোটি) টাকা পরিশোধিত শেয়ার মূলধন থাকতে হবে।<br>(৮) পেশকৃত নিবন্ধনের কোন আবেদন মঞ্জুর হলে নিবন্ধক আবেদনকারীর বরাবরে নির্ধারিত ফরমে একটি ''নিবন্ধন সনদ'' ইস্যু করবেন। এ সনদ উক্ত সমিতির নিবন্ধনের ব্যাপারে চুড়ান্ত প্রামান্য দলিল হিসেবে গণ্য হবে।<br>(৯) সমিতি গঠনের ক্ষেত্রে সহকারী পরিদর্শকগণ সংগঠক হিসাবে কাজ করেন। |

| | | |
|---|---|---|
| ৩। | **সমবায় ব্যবস্থাপনাঃ**<br>**(ক)সমিতির প্রশাসনঃ** | (১) সমবায় সমিতি আইন, বিধি ও উপ-আইন পালন শর্তে সমবায় সমিতি চুড়ান্ত কর্তৃত্ব তার সাধারণ সভার উপর বর্তাবে।<br>(২) প্রত্যেক সমবায় সমিতির ব্যবস্থাপনার দায়িত্ব সমবায় সমিতি আইন, বিধি ও উপ-আইন অনুযায়ী গঠিত একটি ব্যবস্থাপনা কমিটির উপর ন্যাসস্থ থাকবে এবং সাধারণ সভায় সম্পাদনযোগ্য কার্য্য ব্যতীত সকল কার্য্য উক্ত কমিটি সম্পাদন করবে।<br>(৩) সমবায় বিধিমালা ২০০৪ এর ৫৬ অনুযায়ী প্রত্যেক সমবায় সমিতিতে কমপক্ষে ৭(সাত) প্রকারের রেজিষ্টার সংরক্ষণ করতে হবে। যেমনঃ (ক) সভ্য রেজিষ্টার, (খ) শেয়ার রেজিষ্টার, (গ) সঞ্চয় রেজিষ্টার, (ঘ) কর্জ রেজিষ্টার, (ঙ) ব্যবস্থাপনা কমিটির সভা ও সাধারণ সভার রেজিষ্টার, (চ) ব্যবস্থাপনা কমিটির সভা ও সাধারণ সভার হাজিরা রেজিষ্টার, (ছ) জমা খরচ বহি এবং নিবন্ধক কর্তৃক নির্দেশিত অন্যান্য রেজিষ্টার।<br>(৪) কোন সমবায় সমিতির স্থাবর সম্পত্তি এবং যন্ত্রপাতি বা যানবাহন সম্পত্তি সমিতির মূলধনের অংশ। তা বিক্রয়, বিনিময় বা ৫(পাঁচ) বৎসরের অতিরিক্ত সময়ের জন্য ইজারা প্রদানের ক্ষেত্রে সাধারণ সভায় অনুমোদন বাধ্যতামূলক। এর ব্যত্যয় শাস্তিযোগ্য অপরাধ। |
| | **(খ)নিরীক্ষা বা অডিট** | (১) সমবায় সমিতির হিসাব কার্যক্রম নিবন্ধক কর্তৃক মনোনিত তার অধীনসস্থ কর্মকর্তা দ্বারা বাৎসরিক অডিট (নিরীক্ষা) কার্য্য সম্পাদন করাবেন।<br>(২) অডিট অফিসার (নিরীক্ষা কর্মকর্তা) কর্তৃক সম্পাদিত অডিট প্রতিবেদনের উপর নিবন্ধক বরাবর ৪৫ দিনের মধ্যে সংশোধনী প্রতিবেদন দাখিল করতে হবে। |
| | **(গ) নির্বাচনঃ** | (১) সমবায় সমিতির ব্যবস্থাপনা গণতান্ত্রিক ভাবে নির্বাচিত কমিটি কর্তৃক পরিচালিত হয়। কোন সমবায় সমতি নির্বাচন করতে ব্যর্থ হলে সমিতির শেয়ার মূলধন ৫০,০০০/- টাকার নিচে উপজেলা অফিসার সমবায় আইন ও বিধি অনুযায়ী অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ করবেন।<br>(২) অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি ৯০ দিনের মধ্যে নির্বাচন অনুষ্ঠান সম্পন্ন করতে ব্যর্থ হলে সমিতির শেয়ার মূলধন ৫০,০০০/- টাকার নিচে উপজেলা সমবায় অফিসার পুনরায় নতুন ভাবে ৯০ দিনের জন্য অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ করবেন। |
| | **(ঘ) পরিদর্শনঃ** | (১) সমবায় সমিতিতে সংগঠিত যে কোন অনিয়ম উপজেলা সমবায় অফিসার পরিদর্শন কিংবা তদন্তকারী অফিসার নিয়োগ এর মাধ্যমে নিস্পত্তি জন্য কর্তৃপক্ষ বরাবরে সুপারিশ করতে পারেন।<br>(২) সমবায় সমিতির কার্যক্রম পর্যবেক্ষণের জন্য উপজেলা সমবায় অফিসার যে কোন সময় সমিতি পরিদর্শন করতে পারেন। |
| | **(ঙ) টেষ্ট অডিটঃ** | (১) বাৎসরিক হিসাব বিবরনী (অডিট) এর উপর যে কোন সময় যে কোন সমিতি জেলা সমবায় অফিসার টেষ্ট অডিট সম্পাদন করতে পারেন। |
| | **(চ) বিরোধ- নিস্পত্তিঃ** | (১) প্রাথমিক সমবায় সমিতির নির্বাচন সহ যে কোন সৃষ্ট বিরোধ জেলা সমবায় অফিসারের নিকট দায়ের করা হলে তিনি বা নিযুক্ত সালিশকারী ন্যায় বিচার, সমতা ও সু-বিচার প্রসুতভাবে নির্ধারিত সময়ের মধ্যে রায় প্রদান করেন। রায়ে কেহ সংক্ষুব্ধ হলে বিভাগীয় সমবায় দপ্তরের উপ-নিবন্ধক (বিচার) এর নিকট আপীল করতে পারেন। বিরোধ এবং আপীলের সাথে ১০০/= (একশত) টাকার কোর্ট ফি সংযুক্ত করতে হবে। |
| | **(ছ) অবসায়ণঃ** | (১) প্রাথমিক সমবায় সমিতি অকার্যকর হলে কিংবা সদস্যগণ সমিতি পরিচালনায় অনাগ্রহী হলে জেলা সমবায় অফিসার সমিতিতে অবসায়ণের মাধ্যমে গুটাইতে পারেন। আবার সদস্যগণের আগ্রহের কারণে অবসায়ণ আদেশ প্রত্যাহার করতে পারেন।<br>(২) কোন সমবায় সমিতির মূলধন নির্ধারিত হারের নিম্নে হলে সরাসরি নিবন্ধন বাতিল কিংবা সমবায় আইনের পরিপন্থি কাজে জড়িত থাকলে অবসায়ণের মাধ্যমে নিবন্ধন বাতিল করতে পারেন। |
| ৪। | **নিরীক্ষা ফি**<br>**(সরকারী রাজস্ব)** | (১) প্রাথমিক সমবায় সমিতির ক্ষেত্রে বাৎসরিক নীট মুনাফা ১০০/= (একশত) টাকা বা উহার অংশের জন্য ১০/= (দশ) টাকা হারে সর্বোচ্চ ১০,০০০/= (দশ হাজার) টাকা নিরীক্ষা ফি ধার্য করা হয়।<br>(২) ধার্যকৃত নিরীক্ষা ফি ১-৩৮৩১-০০০০-২০২৯ কোড নম্বরে ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা করার ব্যবস্থা করা হয়। |
| ৫। | **সমবায় উন্নয়ন**<br>**তহবিল (CDF)** | (১) সমবায় সমিতির সার্বিক উন্নয়নের লক্ষে তহবিল সংগ্রহ করা হয়।<br>(২) সমবায় সমিতির বাৎসরিক নীট মুনাফা হইতে ৩% এই খাতে ধার্য পূর্বক পে-অর্ডার বা ডিমান্ড ড্রাফ্ট মারফত নির্ধারিত হিসাবে জমা করার ব্যবস্থা করা হয়। |
| ৬। | **বাজেটঃ** | কেন্দ্রীয় সমবায় সমিতির বাজেট জেলা সমবায় অফিসার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে অনুমোদন করা হয়। |

| | | |
|---|---|---|
| ৭। | **প্রশিক্ষণঃ-** | সমবায় সমিতির সদস্যদের দক্ষ ও পারদর্শী হিসাবে গড়ে তোলার জন্য নিয়মিত প্রশিক্ষণ প্রদান করা হয়। |
| | **ভ্রাম্যমান প্রশিক্ষণঃ আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটঃ** | (১) সমবায় বিভাগের ভ্রাম্যমান প্রশিক্ষণ ইউনিট কর্তৃক মাঠ পর্যায়ে বা সমিতিতে উপস্থিত হয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।<br>(২) সরকারের রাজস্ব ও সমবায় উন্নয়ন তহবিলের আর্থিক সহায়তায় সমবায় ব্যবস্থাপনা সহ বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। |
| | **সমবায় একাডেমী কোটবাড়ী, কুমিল্লাঃ** | একইরূপ অর্থায়নে সমবায় তথা সমবায় বিভাগের কর্মকর্তা ও কর্মচারীদেরকে ও প্রশিক্ষণ প্রদান করা হয়। |
| ৮। | **সতর্কতাঃ** | সমবায় আইন ভঙ্গকারী কোন ব্যক্তির ৫,০০০/=(পাঁচ হাজার) টাকা জরিমানা বা ৬ (ছয়) মাস পর্যমত্ম কারাদন্ড বা উভয় দন্ডে দন্ডিত হতে পারেন। |
| ৯। | **পরামর্শঃ** | সমবায় সংক্রান্ত যে কোন তথ্য বা পরামর্শের প্রয়োজন হলে যে কোন সমবায় কার্যালয়ে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী পরামর্শ প্রদান করতে পারেন। |

কোন অভিযোগ/তথ্যের জন্য যোগাযোগ করুনঃ

**উপজেলা সমবায় অফিস, ঝালকাঠি সদর**
**ফোন নম্বরঃ 0498-63163**
ই-মেইল: jhalokathi.sadar.uco@gmail.com